



জনসংযোগ কার্যালয়
জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়
সাভার, ঢাকা, বাংলাদেশ
ফোন: ৭৭৯১০৪৫-৫১



প্রেস বিজ্ঞপ্তি

জাবি উপাচার্যের সঙ্গে ঢাকাস্থ জাপান দূতাবাসের ফার্স্ট সেক্রেটারির সৌজন্য সাক্ষাৎ

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়, ০৬ ফেব্রুয়ারি ২০২৪।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ নূরুল আলমের সঙ্গে আজ ঢাকাস্থ জাপান দূতাবাসের ফার্স্ট সেক্রেটারি কোমিনে কেন (Komine Ken) সৌজন্য সাক্ষাৎ করেন। বেলা সাড়ে এগারোটায় উপাচার্য অফিসে সৌজন্য সাক্ষাৎকালে ফার্স্ট সেক্রেটারি জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের শিক্ষা ও গবেষণা সম্পর্কে জানতে আগ্রহ ব্যক্ত করেন। উপাচার্য এ আগ্রহের জন্য ফার্স্ট সেক্রেটারিকে আন্তরিক ধন্যবাদ জানান। এ সময় উপাচার্য ও ফার্স্ট সেক্রেটারি উচ্চশিক্ষা ক্ষেত্রে জাপান এবং জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের পারস্পরিক সহযোগিতার বিভিন্ন দিক নিয়ে আলোচনা করেন। উভয়ে ভবিষ্যতে দ্বি-পাক্ষিক শিক্ষা ও গবেষণার বিষয়ে কার্যকর ভূমিকা রাখার ওপর গুরুত্বারোপ করেন।

সৌজন্য সাক্ষাৎকালে উপ-উপাচার্য (প্রশাসন) অধ্যাপক শেখ মোঃ মনজুরুল হক, উপ-উপাচার্য (শিক্ষা) অধ্যাপক ড. মোহাম্মদ মোস্তফা ফিরোজ, কোষাধ্যক্ষ অধ্যাপক ড. রাশেদা আখতার, ছাত্র-শিক্ষক কেন্দ্রের পরিচালক অধ্যাপক আহমেদ রেজা, রসায়ন বিভাগের অধ্যাপক ড. মো. আব্দুল্লাহ খান, জার্নালিজম এন্ড মিডিয়া স্টাডিজ বিভাগের সভাপতি রাকিব আহমেদ, সহযোগী অধ্যাপক আমিনা ইসলাম, উজ্জ্বল কুমার মণ্ডল, সহকারী অধ্যাপক সুমাইয়া শিফাত, সালমা আহমেদ এবং জাপান দূতাবাসের কালচারাল কর্মকর্তা কাজী বুশরা আহমেদ তিথি উপস্থিত ছিলেন।

মোহাম্মদ মহিউদ্দিন, পিএইচ.ডি
পরিচালক (ভারপ্রাপ্ত)

